শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম
মোবাইল: ০১৭৬৯-৪০০৯৯৯
E-mail: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০২.০০৮.২২. ১৩৮৯

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কম্পিউটার অপারেটরগণের মধ্য থেকে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রি.) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক পদোন্নতির জন্য যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারী | (ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা/দক্ষতা থাকতে হবে।<br>(খ) প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজী অথবা ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতলিপি লিখনের দক্ষতা থাকতে হবে।<br>(গ) প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজী অথবা ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>(ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্নের ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>(চ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ছ) দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধুর্য্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।<br>(জ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পৃথকভাবে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির সকল শর্ত পূরণ হতে হবে। |

**আবেদনের পদ্ধতিঃ**

আবেদনকারীকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করণের তারিখ (ঠ) কম্পিউটার অপারেটর পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদন পত্রসহ আগামী ১৯/০৫/২০২২খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকার মধ্যে সশরীরে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ উপস্থিত থেকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ-**

০১। আবেনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র/ দলিলাদি এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

ক) সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) বর্তমান পদে যোগদান ও নিয়মতকরণ পত্রের ফটোকপি।

গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের ফটোকপি।।

ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যাজোর কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

চ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

ছ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

জ) জাতীয় পরিচয়পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

ঝ) সকল কাগজপত্র এজিএম (এইচ আর/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

অ.পৃ.দ্র.

০২। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।

ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

গ) সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার কারণে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন অবস্থায় ;

জ) দপ্তর/আপনা কর্তৃক ফৌজদারী মামলা চলমান থাকলে।

০৩। পদোন্নতির ক্ষেত্রে কোন জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ চট্টগ্রাম জেলার সীতাকুন্ড, মীরসরাই ও হাটহাজারী উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অফিস সেক্রেটারী (চলতি দায়িত্ব) হিসেবে নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী পূরণ সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬। চলতি দায়িত্বে থাকাকালীন পূর্ব পদের অর্থাৎ কম্পিউটার অপারেটর এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

০৮। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ- (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণর অনুরোধসহ)

০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।

০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।

০৬। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।

০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ........................... পবিস-১/২/৩/৪।

০৮। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/বারৈয়ারহাট/হাটহাজারী/মীরসরাই জোনাল অফিস।

০৯। এজিএম(অর্থ/এমএস/ইএন্ডসি/ওএন্ডএম)।

১০। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২)। (পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)

১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs3.chittagong.gov.bd), চট্টগ্রাম পবিস-৩।

১২। অফিস নথি/মাস্টার নথি।

(নূর মোহাম্মদ আজম মজুমদার)
সিনিয়র জেনারেল ম্যানেজার